

ANZ (LT RTHD)  
05/02/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ডিটিসিএ শাখা  
www.rthd.gov.bd

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থাসমূহ হতে প্রাপ্ত সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব চন্দন কুমার দে  
অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
তারিখ : ৩১ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ  
সময় : সকাল ১১.০০ ঘটিকা  
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, নির্বাচনী ইশতেহার ২০১৮ এর বিষয়ে গত ০১-০১-২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার ধারাবাহিকতায় গত ০২/০১/২০১৯ তারিখে এ বিভাগের সংশ্লিষ্ট সকল সংস্থা প্রধানদের সমন্বয়ে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। উক্ত সভায় অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)-কে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন দেয়া হয়। নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়নের বিষয়ে অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা ভিন্ন ভিন্ন ফরমেটে তাদের প্রতিবেদন প্রেরণ করে। কোন কোন ক্ষেত্রে প্রাপ্ত প্রতিবেদনের বিষয় সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ নয়। একই ধরনের ফরমেটে তথ্য পাওয়া গেলে তা পর্যালোচনায় সুবিধা হয়। তিনি বলেন যে, নির্বাচনী ইশতেহার ২০১৮-এ বর্ণিত সাফল্য ও অর্জন সংক্রান্ত চলমান প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন এবং লক্ষ্য ও পরিকল্পনায় সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রদান প্রয়োজন।

০২। অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) জনাব চন্দন কুমার দে সভাকে জানান যে, জনাব আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় গত ২৪-০১-২০১৯ তারিখে বিপিএটিসি-তে নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত দিনব্যাপী কর্মশালায় প্রধান আলোচক ছিলেন। তিনি বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ ও এসডিজি-এর উদ্দেশ্যকে বাস্তবায়নের লক্ষ্যে একটি রূপরেখা দেন। বিষয়টি বিস্তারিত আকারে সভাপতি মহোদয় সভায় পাওয়ার পয়েন্ট-এর মাধ্যমে উপস্থাপন করেন।

০৩। উক্ত পাওয়ার পয়েন্ট উপস্থাপনার উপর উপস্থিত সওজ, বিআরটিএ, ডিটিসিএ, ডিএমটিসিএল এবং বিআরটিসি'র সংশ্লিষ্ট ফোকালপয়েন্ট কর্মকর্তাগণ আলোচনায় তাদের মতামত তুলে ধরেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকলে একমত পোষণ করেন যে, সভায় উপস্থাপিত নির্বাচনী ইশতেহার-২০১৮ ও এসডিজি ম্যাপিং এর হুক অনুসরণে আগামী ০৫/০২/২০১৯ তারিখের মধ্যে একটি সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা তৈরী করতে হবে।

সিদ্ধান্ত :

১. সভায় উপস্থাপিত নির্বাচনী ইশতেহার-২০১৮ ও এসডিজি ম্যাপিং-এর হুক অনুসরণে সংশ্লিষ্ট অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আগামী ০৫/০২/২০১৯ তারিখের মধ্যে একটি সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা তৈরী করে এ বিভাগে প্রেরণ করবেন।

০৫। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৪.০২.১৯

(চন্দন কুমার দে)

অতিরিক্ত সচিব


(আরবান ট্রান্সপোর্ট)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জনাব মোঃ হানুন-অর-রশিদ, অতিরিক্ত সচিব ও কোম্পানী সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
- ০২। জনাব জাকির হোসেন মজুমদার, অতিরিক্ত নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, ঢাকা দক্ষিণ নগর ভবন, ঢাকা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
- ০৩। জনাব সন্তোষ কুমার রায়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), এইচডিএম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
- ০৪। জনাব আব্দুল হামিদ, পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
- ০৫। উপসচিব (বাজেট/ঋমআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৬। শেখ মোহাম্মদ মাহবুব-ই-রক্বানী, পরিচালক (রোড সেফটি), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বনানী, ঢাকা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
- ০৭। উপপ্রধান (সওজ জিওবি/পরিকল্পনা ও কার্যক্রম/এডিপি ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
- ০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সভায় পাওয়ার পয়েন্ট উপস্থাপনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৯। উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় অনুমতি প্রদানের অনুরোধসহ)
- ১০। সহকারী সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সভা কক্ষ প্রদত্ত ও আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১১। অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

  
মোঃ মোস্তফা কামাল  
উপসচিব

ফোনঃ ৯৫৬১২২৫

E-mail [dsdtcadmtc@rthd.gov.bd](mailto:dsdtcadmtc@rthd.gov.bd)